দৈনিক সংবাদ

তারিখ FEB 05 2000
পৃষ্ঠা ২ কলাম

17

ফলোআপ

# বইগুলো ছেড়ে দেয়া হয়েছে

সুরেশ কৈরী গৌরীপুর (ময়মনসিংহ) থেকে ঃ ঝারিয়া থেকে শ্যামগঞ্জ, গৌরীপুর হয়ে চৌমুহনী ও ঢাকার গেণ্ডারিয়ার ঠিকানায় পাচার করা পাঠ্যবইয়ের বস্তা গৌরীপুর-জিআরপি আটক করলেও রেলের নিয়ম মোতাবেক বুক করা ট্রান্সশিপমেন্টের মাল আটকানোর অধিকার না থাকায় ছেড়ে দিতে হয়েছে।

ঝারিয়া থেকে ৩ দফায় এ পর্যন্ত পাচার হয়ে যাওয়া মোট ২৯ বস্তা নতুন পাঠ্যবই নেত্রকোনাসহ বিভিন্ন স্থান থেকে নৌকাযোগে ঝারিয়ায় পাচারের জন্য আনা হয়েছে। উল্লেখ্য, গত ৩০শে জানুয়ারি গৌরীপুর জিআরপি সন্দেহবশত ৯ বস্তা প্রাথমিক বিদ্যালয়ের নতুন পাঠ্যবই আটক করে। বইগুলো পুরাতন বইয়ের আদলে পাচার করা হচ্ছিল। কিন্তু গৌরীপুর স্টেশন মাস্টারের নিয়ম অনুযায়ী বুক করা ট্রান্সশিপমেন্টের মাল আটকানোতে আপত্তি ও নিয়ম না থাকায় তা ছেড়ে দিতে হয়।